



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
সাভার শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা জনাব মোঃ আজিম উদ্দিন, স্বত্বাধিকারী-“মেসার্স আজিম এন্টারপ্রাইজ” পিতা- মৃত আব্দুল কুদ্দুস, ব্যবসায়িক ঠিকানা- দোকান নং-০৫, ইউসুফ প্লাজা, সাভার, ঢাকা, স্থায়ী ঠিকানা- চাপাইন, আইচানোয়াদ্দা, সি আর পি, থানা-সাভার, জেলা-ঢাকা। বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকা এর নিকট হইতে ৩৫.৭২ লক্ষ টাকার মেয়াদী ঋণ সুবিধা গ্রহন করিয়াছেন। উক্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা জনাব মোঃ আজিম উদ্দিন বন্ধকদাতা হিসাবে তাহার মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন। বারংবার তলব তাগাদা স্বত্বেও ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে (২৮-০৪-২০২৪ইং তারিখ পর্যন্ত) ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ ৭৫,৮৬,৯৩০.৬৯ (পঁচাত্তর লক্ষ ছিয়াশি হাজার নয়শত ত্রিশ টাকা ঊনসত্তর পয়সা) টাকা পাওনা রহিয়াছে। অর্থঋণ আদালত আইন-২০০৩ এর বিধান মোতাবেক উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য আগামী ০৪/০৬/২০২৪ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকায় নিলামের জন্য ধার্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময় বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকাতে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহন করার জন্য আহবান করা হইতেছে।

শর্তাবলী

- প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- আগ্রহী প্রত্যেক দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকা’র অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে :
(ক) উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০%; (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫%; এবং (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১০%।
- অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০(নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- দরপত্র নির্ধারিত জামানতসহ ০৪/০৬/২০২৪ইং তারিখ ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকায় রক্ষিত বাস্তবে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০৩.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।
- দরপত্র গৃহীত হবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হবে।
- কম জামানত প্রদানকারী /ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।
- দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহনযোগ্য না হলে ব্যাংক তা গ্রহনে বাধ্য থাকবে না।
- দরপত্রদাতাকে তফসিলভুক্ত জমি ও প্রযোজ্য ক্ষেত্রে তদস্থিত ভবন ও অস্থাবর সম্পত্তির জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে। তবে যে কোনটির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- সর্বোচ্চ দরপত্রদাতা/গৃহীত দরপত্রের শর্তনুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৩) ধারা মোতাবেক পরবর্তী দরপত্রদাতার দরপত্র গ্রহনযোগ্য হলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবেন।
- সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য (বন্ধকীকৃত সম্পত্তি) জানার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে অফিস চলাকালীন সময়ে যেকোন দিন বেসিক ব্যাংক লিমিটেড, সাভার শাখা, ঢাকায় যোগাযোগ করতঃ সরজমিনে সম্পত্তিস্থল পরিদর্শন করতে পারিবেন।

Schedule of the Property

District- Dhaka, PS & SR Office- Savar, JL No. CS- 653, SA- 168, RS- 164, Mouza- Aichanowadda, Khatian No. CS- 3/41, SA- 32, RS- 03, Plot (Dag) No. CS & SA- 05, RS- 133, Area of Land- 08 (Eight) Decimals land and Building structure thereon.

উপমহাব্যবস্থাপক
সাভার শাখা, ঢাকা।

দৈনিক সংবাদ ও দৈনিক সমকাল

প্রকাশ-০৮/০৫/২০২৪ইং